

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১২৬১

২. সালাত অধ্যায় (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৬. যে ব্যক্তি সালাত আদায় না করে ঘুমিয়ে পড়ে অথবা সালাত আদায় করতে ভুলে যায়

بَابِ مَنْ نَامَ عَنْ صَلَاةٍ أَوْ نَسِيَهَا

আরবী

أَخْبَرَنَا سَعِيدُ بْنُ عَامِرٍ عَنْ سَعِيدٍ عَنْ قَتَادَةَ عَنْ أَنَسٍ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ مَنْ نَسِيَ صَلَاةً أَوْ نَامَ عَنْهَا فَلْيُصَلِّهَا إِذَا ذَكَرَهَا إِنَّ اللَّهَ تَعَالَى يَقُولُ أَقِمْ الصَّلَاةَ لِذِكْرِي

বাংলা

১২৬১. আনাস রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "যে ব্যক্তি সালাত আদায় করতে ভুলে যায় অথবা, সালাত আদায় না করে ঘুমিয়ে পড়ে, তবে সে যেনো স্মরণ হওয়ামাত্রই তা আদায় করে নেয়। কেননা, আল্লাহ তা'আলা বলেছেন: ["আমার স্মরণে সালাত আদায় করো।"][1] সুরা তৃহা: ১৪

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ যয়ীফ তবে হাদীসটি সহীহ বুখারী-মুসলিমের হাদীস।

তাখরীজ: সহীহ বুখারী ৫৯৭; সহীহ মুসলিম ৬৮৪; আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাওসিলী নং ২৮৫৪, ২৮৫৫, ২৮৫৬; এবং সহীহ ইবনু হিবান নং ১৫৫৫, ১৫৫৬। ((আবু দাউদ ৪৪৩; তিরমিয়ী ১৭৮, নাসাঈ অনুচ্ছেদ: ৫২: যে ব্যক্তি সালাত আদায় করতে ভূলে যায়; ইবনু মাজাহ ৬৯৬; আহমাদ ৩/১০০, ২৪৩, ২৬৭, ২৬৯, ২৮২, ৫/২২; মালিক (ইবনু উমারের বক্তব্য হিসেবে) ৭৭।- দারেমী, তাহকীক্ব: ফাওয়ায আহমদ রমিয়লী ও খালিদ সাবিঈ নং ১২২৯ এর টীকা হতে- অনুবাদক।))

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন